



ISO 9001:2015 Certified

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

স্মারক নং-২৭.১২.৩০২৯.৫২২.০২.০০৮.২০২৩. ৭৬৮


তারিখঃ

০৯ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ।
২২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ।**“পুনঃনিলাম দরপত্র বিজ্ঞপ্তি”**

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর সদর দপ্তর কমপ্লেক্স এর অভ্যন্তরে নিম্নবর্ণিত গাছসমূহ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদার এর নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	গাছের নাম	গাছের সংখ্যা	কাঠের পরিমাণ (ঘনফুট)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	মেহগনি	০১ টি	২৭.০ ঘনফুট		
০২	আকাশমনি	০৩ টি	৫৮.৫৮ ঘনফুট		
০৩	রাজকড়ই	০২ টি	২৬.৪৫ ঘনফুট		
০৪	কড়ই	০২ টি	৭.৯৩ ঘনফুট		
০৫	মিনজিরি	০১ টি	৮.৩১ ঘনফুট		
০৬	অর্জুন	০১ টি	৮.৩১ ঘনফুট		
০৭	শিশু	০১ টি	৪.০৭ ঘনফুট		
০৮	নারিকেল	০২ টি	প্রতিটি		
০৯	বিভিন্ন জাতের গাছ	জ্বালানী কাঠ	১২২ ঘনফুট (কম বেশী হতে পারে)		

- আগ্রহী দরদাতাগণ আগামী ০৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী অথবা পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড- এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। খামের উপরে “নিলামে বিক্রয়যোগ্য গাছ ক্রয়ের দরপত্র” লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন দরপত্র গ্রহন করা হবে না। একই দিন বেলা ১২:০৫ ঘটিকার সময় দাখিলকৃত সকল দরপত্র উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীল ব্যাংক হতে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া প্রদত্ত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- উল্লেখিত গাছ সমূহ সমূহ আগামী ০৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখের পূর্বে অফিস চলাকালীন সময়ে পবিস এর প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন করা যাবে।
- প্রতিটি গাছের জন্য পৃথক পৃথক সর্বোচ্চ একক দর অনুযায়ী মূল্যায়ন করা হবে।
- গাছের ক্রমিক নং, গাছের নাম, একক দর, দরদাতার নাম ঠিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।
- সর্বোচ্চ দরদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর ১০% (দশ শতাংশ) উৎসে কর এবং ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) মূল্য সংযোজন কর (ভ্যাট) নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে ফেনী পবিসের অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের নিচে দাখিলকৃত নিলাম দরপত্র বাতিল করা হবে।
- শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২২/০২/২৩
(হাওলাদার মোঃ ফারুক রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে)।
- জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।
- বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ফেনী।
- পুলিশ সুপার, ফেনী।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ----- পবিস/ ১/২/৩/৪।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা-সদর/ সোনাগাজী /ছাগলনাইয়া/ফুলগাজী /দাগনভূঞা/পরশুরাম উপজেলা, ফেনী।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফেনী।
- ডেপুটি জেনারেল ম্যানেজার-ছাগলনাইয়া/ফুলগাজী/দাগনভূঞা/সোনাগাজী/পরশুরাম/সদর-দপ্তর-কারিগরি, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি।
- সহকারী প্রকৌশলী, বাপবিবো, ফেনী।
- এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি।
- জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), আইটি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি (সমিতির ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে)।
- নোটিশ বোর্ড, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি।

D:\CO Iannatul\038 UNI doc